অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

2023 অর্থবছরের বাজেটের অংশ হিসেবে 'টু-গো' অ্যালকোহলযুক্ত পানীয় বিক্রি এখন থেকে বৈধ বলে গভর্নর হোকলের ঘোষণা

আইনটি প্রতিষ্ঠানের আঙিনা থেকে বাইরে নিয়ে পান করার জন্য তিন বছর পর্যন্ত'টু-গো' অ্যালকোহলযুক্ত পানীয় বিক্রির অনুমোদন দিয়েছে

এই বাজেটে নিউ ইয়র্ক স্টেটে অ্যালকোহলযুক্ত পানীয় নিয়ন্ত্রণ আইন আধুনিকায়নের জন্য পুনর্গঠনের সুযোগ নিরীক্ষণের জন্য একটি অস্থায়ী স্টেট কমিশন গঠন করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে 2023 অর্থবছরের স্টেট বাজেটের অংশ হিসেবে টেকআউট পানীয়ের অনুমতি দেয়া প্রস্তাবিত আইনটি অনুমোদিত হয়েছে। কোভিড-19 মহামারি চলাকালীন সময়ে নিউ ইয়র্কের বার ও রেস্তোরাঁগুলোর জন্য টু-গো ড্রিঙ্কস রাজস্ব আয়ের একটি গুরুত্বপূর্ণ খাত ছিল, যা স্টেটজুড়ে বহু ক্ষুদ্র ব্যবসাকে তাদের ভাড়া বা মর্টগেজ পরিশোধ করতে সাহায্য করেছে। এ আইনে তিন বছর পর্যন্ত বার ও রেস্তোরাঁগুলোকে যথাযথ সীমার মধ্যে প্রতিষ্ঠানের আঙিনা থেকে বাইরে নিয়ে পান করার জন্য "টু-গো" অ্যালকোহলযুক্ত পানীয় বিক্রি করার অনুমতি দিচ্ছে।

"নিউ ইয়র্কের রাত্রিকালীন জীবন ও আতিথেয়তা শিল্পের দ্বিতীয় কোনো দৃষ্টান্ত নেই, এবং টু-গো ড্রিঙ্কস বিক্রির অনুমতি প্রদানের মাধ্যমে আমরা এ শিল্পের মহামারী কাটিয়ে ফিরে আসার ক্ষেত্রে সহায়তা করা অব্যাহত রাখতে পারবো," **বলেছেন গভর্নর হোকল।** "এই পরিবর্তন সম্পন্ন করতে সাহায্য করার জন্য সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা স্টুয়ার্ট-কাজিন্স ও স্পিকার হিয়েস্টিকে ধন্যবাদ, যে পরিবর্তন আতিথেয়তা শিল্পের জন্য ব্যবসার সুযোগ বয়ে আনবে এবং তাদেরকে আগের চেয়ে শক্তিশালী হয়ে ফিরে আসতে সাহায্য করার মাধ্যমে একটি লাইফলাইন হয়ে উঠবে।"

এই নতুন নীতিমালায় বোতল বিক্রি নিষিদ্ধ করা এবং খাবারের অর্ডার ও সিলবদ্ধ কন্টেইনার আবশ্যক করার মাধ্যমে মদের দোকান পরিচালনাকারী ক্ষুদ্র ব্যবসা মালিকদের উদ্বেগের বিষয়গুলো সমাধান করা হয়েছে। সেইসাথে, সকল টু-গো কন্টেইনারের ক্ষেত্রে অবশ্যই মিউনিসিপ্যাল খোলা কন্টেইনার আইন মেনে চলতে হবে তা এ আইনে সুস্পষ্টভাবে উল্লেখ করার মাধ্যমে প্রকাশ্যে পান করা সংক্রান্ত উদ্বেগের বিষয়টিও সমাধান করা হয়েছে। এছাড়াও

প্রণীত এই বাজেটে সকল অ্যালকোহল ও পানীয় নিয়ন্ত্রণ আইন সমন্বিতভাবে পর্যবেক্ষণের আহবান জানানো হয়েছে এবং ব্যবসা প্রতিষ্ঠান ও ভোক্তাদের জন্য সুপারিশকৃত উন্নয়ন সম্পর্কে রিপোর্ট করার জন্য একটি পর্যালোচনা কমিশন তৈরি করা হয়েছে।

এই আইন প্রতিষ্ঠানের আঙিনায় পান করার জন্য মদ বা ওয়াইন বিক্রি করার লাইসেন্স থাকা রেস্তোরাঁ ও বারগুলোকে প্রতিষ্ঠানের আঙিনার বাইরে গিয়ে পান করার জন্য এসব পণ্য বিক্রি করার অনুমোদন দেয়ার জন্য অ্যালকোহলযুক্ত পানীয় নিয়ন্ত্রণ আইন সংশোধন করছে। এই আইনে, যা বোতলে করে বিক্রি করা নিষিদ্ধ করেছে, একটি উল্লেখযোগ্য খাবারের আইটেমের অর্ডারের সাথে টু-গো ড্রিঙ্কস বিক্রির অনুমতি দিয়েছে, তবে এক্ষেত্রে শর্ত হলো অ্যালকোহলযুক্ত পানীয় একটি সিলবদ্ধ কন্টেইনারে বিক্রি করতে হবে এবং ব্যবসা প্রতিষ্ঠানটি যেখানে কার্যক্রম পরিচালনা করছে সেই কাউন্টির নির্ধারিত কর্মঘণ্টার বাইরে অন্য সময়ে বিক্রি করতে হবে। সেইসাথে, ডেলিভারি করার সময় ভোক্তার কাছে বৈধ পরিচয়পত্র রয়েছে তা নিশ্চিত করার জন্য এবং ভোক্তার পরিচয় ও বয়স যাচাই করার জন্যেও লাইসেন্সধারী, অথবা ডেলিভারির জন্য নিযুক্ত লাইসেন্সধারীর এজেন্ট বা কর্মচারী দায়িত্বশীল থাকবেন।

এছাড়াও 2023 অর্থবছরের স্টেট বাজেটে অ্যালকোহলযুক্ত পানীয় নিয়ন্ত্রণ আইন পুনর্গঠনের সুযোগ নিরীক্ষণের জন্য একটি কমিশনও তৈরি করা হয়েছে, যা স্টেটের অ্যালকোহল বিষয়ক আইন ও বিধিমালা আধুনিকায়ন ও সরলীকরণের জন্য বিশ্লেষণ ও সুপারিশ প্রদানের দায়িত্বপ্রাপ্ত একটি অস্থায়ী স্টেট কমিশন। এই কমিশন নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করবে:

- স্টেটের উপর এ শিল্পের অর্থনৈতিক প্রভাব;
- লাইসেন্সের আবেদন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য আইন এবং/অথবা SLA সংস্থানগুলোর পরিবর্তন;
- অপ্রাপ্তবয়স্কদের মদ পান করার বিষয়টি মোকাবেলার জন্য আইন; এবং
- শিল্পখাতের স্টেকহোল্ডারদের ভোট অনুযায়ী শিল্পখাতের পুনর্গঠন ও আধুনিকায়ন

স্টেট লিকার অথোরিটি (State Liquor Authority)-এর সভাপতি, যিনি কমিশনের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন, ডিপার্টমেন্ট অব ট্যাক্স এন্ড ফিন্যান্স (Department of Tax and Finance)-এর কমিশনার অথবা তার প্রতিনিধি, স্টেট পুলিশের সুপারিন্টেন্ডেন্ট বা তার প্রতিনিধি, বাজেট বিভাগের (Division of the Budget) পরিচালক বা তার প্রতিনিধি, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর চিফ এক্সিকিউটিভ অফিসার বা তার প্রতিনিধি, এবং গভর্নর ও আইনপ্রণেতাদের নিয়োগকৃত আরো 16 জন সদস্য সহ 21 জন সদস্য নিয়ে এই কমিশন গঠন করা হবে। 1 মে, 2023 তারিখের মধ্যে কমিশন একটি প্রতিবেদন প্রকাশ করবে।

সেইসাথে, 2023 অর্থবছরের স্টেট বাজেটে ABC আইনের আধুনিকায়নের জন্য সাধারণ বিবেচনা বোধের সাথে সঙ্গতিপূর্ণ বেশ কিছু পরিবর্তন অন্তর্ভুক্ত করা হয়েছে, যেমন:

- মদের দোকানগুলো চাইলে ক্রিসমাসের দিন দোকান খোলা রাখার অনুমতি দেওয়া;

- ভেটেরানদের সংস্থাগুলোকে, যেমন ভেটেরান্স অব ফরেন ওয়ার্স (Veterans of Foreign Wars) এবং আমেরিকান লিজিওন পোস্টস (American Legion Posts)-কে কোনো পুলিশ অফিসার সংস্থার কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনের সময় লাইসেন্স পাওয়ার অনুমতি দেওয়া;
- আবেদনকারীদের জন্য তাদের মিউনিসিপ্যালিটি বা কমিউনিটি বোর্ডকে আবশ্যক নোটিশগুলো ইমেইলের মাধ্যমে পাঠানোর অনুমতি দেওয়া, যদি সেই মিউনিসিপ্যালিটি বা কমিউনিটি বোর্ড এই উপায়ে নোটিশ গ্রহণ করতে রাজি থাকে সেক্ষেত্রে; এবং
- খামারের উৎপাদনকারীদের নিজেদের আঙিনায় ফুড ট্রাক বা এধরনের অন্য ব্যবসা পরিচালনার সুযোগ দেওয়ার জন্য অনুমতি দেওয়া।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন